দৈনিক সংবাদ

তারিখ 10.NOV 1985
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

# কুমিল্লা পলিটেকনিক বন্ধ ঘোষণা

কুমিল্লা, ৭ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা) ।-কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়েছে ।

গতকাল ইনস্টিটিউটের অধ্যক্ষের অপসারণের দাবীতে ছাত্ররা অধ্যক্ষকে তার অফিস কক্ষে ঘেরাও করে রাখে । এসময় অধ্যক্ষের টেলিফোনের তার কেটে দেয়া হয় এবং জানালার কাঁচ ভাংচুর করা হয় । সন্ধ্যায় পুলিশ ঘটনাস্থলে গিয়ে ছাত্রদের ঘেরাও থেকে অধ্যক্ষকে উদ্ধার করে কুমিল্লা শহরে নিয়ে আসে । জেলা প্রশাসন পরিস্থিতির অবনতির আশংকায় আজ থেকে ইনস্টিটিউটটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেন এবং ছাত্রদের আজ সকাল ৯টার মধ্যে ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ দেন ।